দৈনিক সংবাদ

তারিখ 15 SEP 1992
পৃষ্ঠা 7 কলাম 6

38

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

বি,এ পাস পরীক্ষায় পাসের হার শতকরা ৪৪ দশমিক ২০, বি,এসসি পাস পরীক্ষায় ৪৭ দশমিক ৫২ এবং বি,কম পাস পরীক্ষায় ৪৪ দশমিক ৮৮।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা ১৯৯২ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থী সংখ্যা ছিল প্রায় ৭২ হাজার।

ডিগ্রী পরীক্ষা ঃ পৃঃ ১২ কঃ ৮

## ডিগ্রী পরীক্ষা ঃ ফল প্রকাশ

(১ম পাতার পর)

তাদের মধ্যে প্রায় ৬৩ হাজার উপস্থিত ছিল এবং প্রায় ২৮ হাজার জন কৃতকার্য হয়েছে।

বি,এ পাস পরীক্ষায় ৪০ হাজারের বেশি পরীক্ষার্থী পরীক্ষা দেয়। তাদের মধ্যে ৪৭ জন প্রথম বিভাগে, ৭ হাজার ১শ' ১৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১০ হাজার ৬শ' ৬৯ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

বি,এসসি পাস পরীক্ষায় ৬ হাজারের বেশি পরীক্ষা দেয়। তাদের মধ্যে ৭৮ জন প্রথম বিভাগে, ১ হাজার ৬শ' ৭ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ১৭ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

বি,কম পাস পরীক্ষায় প্রায় ৯ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে। তাদের মধ্যে ১ জন প্রথম বিভাগে, ১ হাজার ৩২ জন দ্বিতীয় বিভাগে এবং ২ হাজার ৯শ' ৮৭ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

উপরে বর্ণিতদের সাথে বি,এ/বি,এসসি/বি,কম সাবসিডিয়ারী পরীক্ষায় প্রায় ৭ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে এবং তাদের মধ্যে ৩ হাজার পাস করেছে।

এছাড়াও গার্হস্থ্য অর্থনীতি, ডিগ্রী সার্টিফিকেট কোর্স, বি, মিউজিক পরীক্ষায় প্রায় ৬শ' জন পরীক্ষা দিয়েছে এবং পাস করেছে ৩শ'র কিছু বেশি।

পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট কলেজে ও কেন্দ্রে পাঠিয়ে দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের নোটিশ বোর্ডে এই পরীক্ষার ফলাফল টানানো হবে না।